

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি শিক্ষা অধিদপ্তর  
শাখা-৭ (ভোকেশনাল-২)  
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা-১২০৭।  
[www.techedu.gov.bd](http://www.techedu.gov.bd)

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০২৩.০৭.০৫০.১৩ -৮৩২

তারিখঃ ১৫/১১/২০১৬ খ্রিঃ।

বিষয়ঃ ২০১৬-১৭ অর্থ বছরের 'বার্ষিক ক্রয় পরিকল্পনা' অনুমোদন প্রসঙ্গে।


সূত্রঃ টিএসসি/চাঁদ/৯৮৯, তারিখঃ ২৫/৯/২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০১৬-১৭ অর্থ বছরে তাঁর প্রতিষ্ঠানের মালামাল/যন্ত্রপাতি ক্রয়ের নিমিত্ত অনুমোদনের জন্য প্রস্তাবিত 'Annual Procurement Plan' এবং সংযুক্ত মালামাল/যন্ত্রপাতির তালিকায় নিম্ন বর্ণিত অসঙ্গতি পরিলক্ষিত হয়-

- ক) ৪৮৩৪-খেলার সামগ্রী উপধাতে সংযুক্ত মালামালের তালিকায় টেকনিক্যাল স্পেসিফিকেশন উল্লেখ করা হয়নি।
- খ) ৪৮৫৬-কাঁচামাল ও খুচরা যন্ত্রাংশ উপধাতে কাঁচামাল ও খুচরা যন্ত্রাংশ ছাড়াও আনুষঙ্গিক দ্রব্যাদি, যন্ত্রপাতি এবং কম্পিউটার সামগ্রী ক্রয়ের জন্য প্রস্তাব করা হয়েছে।
- গ) ৪৯০০-মেরামত ও সংরক্ষণ উপধাতের আওতায় মেরামত যোগ্য মালামাল/যন্ত্রপাতির তালিকা সংযুক্ত করা হয়নি।
- ঘ) ৬৮০০- সম্পদ সংগ্রহ/ক্রয় এর আওতায় সংযুক্ত মালামাল/যন্ত্রপাতি তালিকায় যথাযথ স্পেসিফিকেশন নেই এবং একটি মাত্র কোম্পানীর নাম উল্লেখ করা হয়েছে যা বিধি সম্মত নয়।

উল্লেখ্য যে, অত্র অধিদপ্তরের ১৭/১০/২০১৬ খ্রিঃ তারিখের স্মারক নং ৩৭.০৩.০০০০.০২৩.০৭.০৫০.১৩-৭৩৭ মূলে ক্রটিপূর্ণ মালামাল/যন্ত্রপাতির তালিকার বিষয়ে নিম্ন স্বাক্ষরকারীর নিকট ব্যাখ্যা প্রদান এবং পিপিআর-২০০৮ এ বিদ্যমান বিধি মোতাবেক সঠিকভাবে APP তৈরি করে পুনরায় অনুমোদনের জন্য প্রস্তাব প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়।

এমতাবস্থায়, এ বিষয়ে প্রশিক্ষণ থাকা সত্ত্বেও এবং অধিদপ্তর কর্তৃক পত্র দ্বারা নির্দেশনা দেয়ার পরও কেন উপরে বর্ণিত দফা ক) হতে ঘ) পর্যন্ত মালামাল/যন্ত্রপাতির ক্রটিপূর্ণ তালিকা প্রস্তুত করে 'বার্ষিক ক্রয় পরিকল্পনা' অনুমোদনের জন্য অধিদপ্তরে প্রস্তাব করা হয়েছে তা পত্র প্রাপ্তির পর ০৩(তিন) কার্য দিবসের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর নিকট ব্যাখ্যা প্রদান এবং পিপিআর-২০০৮ এ বিদ্যমান বিধি মোতাবেক সঠিকভাবে APP তৈরি করে পুনরায় অনুমোদনের জন্য প্রস্তাব প্রেরণের অনুরোধ করা হলো।

  
(মোঃ মিজানুর রহমান)  
যুগ্মসচিব  
পরিচালক (ভোকেশনাল)  
ফোন : ০২-৯১১১০২৩।

প্রাপকঃ

অধ্যক্ষ  
চাঁদপুর টেকনিক্যাল স্কুল ও কলেজ  
চাঁদপুর।

অনুলিপিঃ

০১। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা। তাঁকে অত্র পত্রখানা অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।